

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫১৮৬  
শান্তিরবাজার, ১৩ মার্চ, ২০২৪

**জোলাইবাড়ি দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে জনজাতি ছাত্রী আবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন  
রাজ্যে গুণগত শিক্ষার প্রসারে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে : জনজাতি কল্যাণ মন্ত্রী**

রাজ্যে গুণগত শিক্ষার প্রসারে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। নতুন নতুন বিদ্যালয় ও ছাত্রাবাস স্থাপন করা হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মার্গদর্শনে রাজ্য সরকার বেটি বাঁচাও, বেটি পড়াও কর্মসূচির মতো অনেক কর্মসূচি শিক্ষার প্রসারে চালু করেছে। আজ জোলাইবাড়ি দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে ৫০ শয্যার জনজাতি ছাত্রী আবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। অনুষ্ঠানে জনজাতি কল্যাণমন্ত্রী আরও বলেন, পশ্চাদপদ জাতিকে এগিয়ে নিতে হলে সবার আগে শিক্ষার বিকাশ জরুরি। তাই সরকারের অগ্রাধিকারের ক্ষেত্র হচ্ছে শিক্ষা। জোলাইবাড়িতে একলব্য স্কুল, তপশিলি জাতি ছাত্রছাত্রীদের জন্য পৃথক ছাত্রাবাস নির্মাণ করা হবে। উল্লেখ্য, এই জনজাতি ছাত্রী আবাসটি নির্মাণে ব্যয় হবে ৩ কোটি টাকা।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুরাচরণ নোয়াতিয়া, জোলাইবাড়ি বিএসি'র চেয়ারম্যান অশোক মগ, সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট শুভব্রত ভট্টাচার্য প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন শান্তিরবাজার মহকুমার জনজাতি কল্যাণ আধিকারিক কমলাকান্ত দেববর্মা। সভাপতিত্ব করেন উত্তর জোলাইবাড়ি পঞ্চায়েতের প্রধান নারায়ণ ভৌমিক।

\*\*\*\*\*